রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১২, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

শাখা-১১

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ই মে ১৯৮৮/২৮শে বৈশাখ ১৩৯৫

**নং এস, আর, ও, ১১১-আইন/৮৮/শা-১১/১আর-৬/৮৮/১০৯।**—রাজশাহী পৌর কর্পোরেশন আইন, ১৯৮৭ (১৯৮৭ সনের ৩৮ নং আইন) এর ধারা ১৫৬ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা।**—এই বিধিমালা রাজশাহী পৌর কর্পোরেশন ডেপুটি মেয়র (নির্বাচন) বিধিমালা, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "আইন" অর্থ রাজশাহী পৌর কর্পোরেশন আইন, ১৯৮৭ (১৯৮৭ সনের ৩৮ নং আইন) ;

(খ) "কমিশনার" অর্থ আইন এর অধীন নির্বাচিত কমিশনার ;

(গ) "সভাপতি" অর্থ নির্বাচনী সভার সভাপতি ;

(ঘ) "নির্বাচন" অর্থ ডেপুটি মেয়র নির্বাচন।

৩। **নির্বাচনী সভা, ইত্যাদি।**—(১) কমিশনারগণের শপথ গ্রহণের তারিখ হইতে ৩০ দিনের মধ্যে কর্পোরেশনের কমিশনারগণের মধ্য হইতে আইন এ নির্ধারিত সংখ্যক ডেপুটি মেয়র নির্বাচনের জন্য বিভাগীয় কমিশনার কমিশনারগণের সভা আহবান করিবেন।



মূল্যঃ ৯০ পয়সা

(২) সভার তারিখ, সময় ও স্থান নির্ধারণ করিয়া বিভাগীয় কমিশনার প্রত্যেক কমিশনারকে সভা অনুষ্ঠানের পূর্ণ তিন কর্ম দিবস পূর্বে লিখিত নোটিশ প্রদান করিবেন।

(৩) মোট কমিশনারের দুই-তৃতীয়াংশ কমিশনারের উপস্থিতি সভায় কোরাম হইবে।

(৪) কোরাম না হওয়ার কারণে সভা মুলতবী হইয়া গেলে, উক্ত সভার তারিখ হইতে পনের দিনের মধ্যে বিভাগীয় কমিশনার মুলতবী সভার তারিখ নির্ধারণ করিবেন এবং উক্ত মুলতবী সভায় উপস্থিত কমিশনারগণকে লইয়াই সভার কাজ সম্পাদিত হইবে।

(৫) এই বিধির অধীন অনুষ্ঠিত সভায় বিভাগীয় কমিশনার সভাপতিত্ব করিবেন।

৪। **প্রার্থীর নাম প্রস্তাব।**—ডেপুটি মেয়র পদে নির্বাচনের জন্য কোন কমিশনার অপর একজন কমিশনারের নাম প্রার্থী হিসাবে প্রস্তাব করিতে পারেন এবং উক্ত প্রস্তাব অপর একজন কমিশনার কর্তৃক সমর্থিত হইলে এবং এইরূপ প্রস্তাবে উক্ত প্রার্থীর সমর্থন থাকিলে সভাপতি উহা লিপিবদ্ধ করিবেন।

৫। **বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচন।**—যে কয়জন ডেপুটি মেয়র নির্বাচিত হইবে প্রস্তাবিত প্রার্থীর সংখ্যা যদি উহার সমান হয় তাহা হইলে প্রস্তাবিত প্রার্থী বা ক্ষেত্রমত প্রার্থীগণকে সভাপতি বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন।

৬। **প্রতিদ্বন্দ্বিত নির্বাচন।**—(১) যে কয়জন ডেপুটি মেয়র নির্বাচিত হইবেন তাঁহাদের সংখ্যা প্রস্তাবিত ও সমর্থিত প্রার্থীর সংখ্যার অধিক হইলে, সভাপতি অত্র বিধিমালার সহিত সংযোজিত ফরম 'ক' অনুযায়ী যতজন কমিশনার সভায় উপস্থিত থাকেন ততটি ভোটপত্র প্রস্তুত করিবেন এবং প্রত্যেক কমিশনারকে একটি করিয়া ভোটপত্র সরবরাহ করিবেন।

(২) প্রত্যেক ভোটপত্রের অপর পৃষ্ঠায় সভাপতির সীল মোহরযুক্ত স্বাক্ষর থাকিবে।

(৩) ভোটপত্র প্রাপ্তির পর প্রত্যেক কমিশনার সভা কক্ষের এক প্রান্তে রক্ষিত টেবিলে ভোটপত্রের উপর তাহার পছন্দমত প্রার্থীর নামের বিপরীতে ক্রস 'X' চিহ্ন দিবেন।

(৪) যে কয়জন ডেপুটি মেয়র নির্বাচিত হইবে সেই সংখ্যা অপেক্ষা অধিক সংখ্যক প্রার্থীর নামের বিপরীতে কোন কমিশনার ক্রস 'X' চিহ্ন প্রদান করিলে তাঁহার ভোটপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

(৫) ভোটদানকারী প্রত্যেক কমিশনার ভোটপত্র ভাজ করিয়া সভাপতির সম্মুখের টেবিলের উপর রক্ষিত ভোট বাক্সের ভিতরে প্রবেশ করাইবেন।

(৬) টেবিলের উপর ভোট বাক্সটি রাখিবার পূর্বে উহা যে খালি আছে তাহা নিশ্চিত করিবার জন্য উপস্থিত কমিশনারগণকে ভোট বাক্সটি দেখাইতে হইবে এবং তৎপর উহা বন্ধ করিয়া উহার মুখে সীল মোহর দিতে হইবে।

৭। **ভোট গণনা এবং ফলাফল ঘোষণা।**—সভায় উপস্থিত সকল কমিশনার কর্তৃক ভোট প্রদান সমাপ্ত হওয়ার পর সভাপতি উপস্থিত সকল কমিশনারের সম্মুখে ভোট বাক্স হইতে ভোটপত্র বাহির করিয়া প্রত্যেক প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে প্রদত্ত বৈধ ভোটসমূহ গণনা করিবেন এবং সর্বাধিক প্রাপ্ত ভোট সংখ্যার ক্রমানুসারে প্রার্থীদেরকে ডেপুটি মেয়র পদে নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন।

৮। **সমান সংখ্যক ভোট।**—দুই বা ততোধিক প্রার্থীর অনুকূলে সমসংখ্যক ভোট প্রদত্ত হইয়া থাকিলে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের মধ্য হইতে কে বা কাহারা নির্বাচিত বলিয়া ঘোষিত হইবেন তাহা লটারীর মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া হইবে এবং লটারীর পদ্ধতি সভাপতি কর্তৃক স্থিরীকৃত হইবে।

৯। **নির্বাচনের ফলাফল প্রকাশ ও দলিলপত্র সংরক্ষণ।**—(১) বিধি ৭ ও ৮ মোতাবেক ভোট গণনা ও ফলাফল ঘোষণার পর, সভাপতি সভার কার্যবিবরণী এবং ক্ষেত্রমত, বৈধ ও অবৈধ ভোটপত্র পৃথক পৃথক খামে এবং অন্যান্য প্রয়োজনীয় দলিলাদি অপর একটি খামে, সীলমোহরযুক্ত করিয়া সরকারের নিকট প্রেরণ করিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত দলিলাদি প্রাপ্তির পর সরকার নির্বাচিত ডেপুটি মেয়রের নাম গেজেটে প্রকাশ করিবেন।

(৩) সভাপতির নিকট হইতে প্রাপ্ত ডেপুটি মেয়র নির্বাচনের দলিলাদি ছয় মাস সংরক্ষণ করিতে হইবে।

১০। **নির্বাচনী দরখাস্ত।**—(১) নির্বাচনের ফলাফল ঘোষণা করিয়া গেজেটে প্রজ্ঞাপন প্রকাশিত হওয়ার ৩০ দিনের মধ্যে যে কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী উক্ত ফলাফলের বৈধতা সম্পর্কে প্রশ্ন উত্থাপন করিয়া নির্বাচন কমিশনের নিকট দরখাস্ত পেশ করিতে পারেন।

(২) প্রতিটি নির্বাচনী দরখাস্তের সহিত ২৫০ টাকা মূল্যের কোর্ট ফি সংযোজিত থাকিতে হইবে।

(৩) নির্বাচন কমিশন আবেদনকারীকে শুনানীর সুযোগ দিবেন এবং প্রয়োজনীয় সাক্ষী সাবুদ গ্রহণ করিয়া যে সিদ্ধান্ত দিবেন উহা চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং উহার বিরুদ্ধে কোন আদালতে বা অন্য কোন কর্তৃপক্ষের নিকট কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

**ফরম 'ক'**

[বিধি ৬(১) দ্রষ্টব্য]

ডেপুটি মেয়র নির্বাচনের ভোটপত্র

| প্রার্থীর নাম | কমিশনার কর্তৃক ক্রস চিহ্ন × প্রদান করিবার স্থান। |
|---|---|
| ১। | |
| ২। | |
| ৩। | |
| ৪। | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

হোসাইন আহমদ
সচিব।

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১১ই মে ১৯৮৮/২৮শে বৈশাখ ১৩৯৫**

**নং এস, আর, ও, ১১২-আইন/৮৮/শা-১১/১আর-৬/৮৮/১০৮।**—Khulna Municipal Corporation Ordinance, 1984 (LXXII of 1984) এর section 154 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা।**—এই বিধিমালা খুলনা মিউনিসিপ্যাল কর্পোরেশন ডেপুটি মেয়র (নির্বাচন) বিধিমালা, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অধ্যাদেশ" অর্থ the Khulna Municipal Corporation Ordinance, 1984 (LXXII of 1984) ;

(খ) "কমিশনার" অর্থ অধ্যাদেশের অধীন নির্বাচিত কমিশনার;

(গ) "সভাপতি" অর্থ নির্বাচনী সভার সভাপতি ;

(ঘ) "নির্বাচন" অর্থ ডেপুটি মেয়র নির্বাচন।

৩। **নির্বাচনী সভা, ইত্যাদি।**—(১) কমিশনারগণের শপথ গ্রহণের তারিখ হইতে ৩০ দিনের মধ্যে কর্পোরেশনের কমিশনারগণের মধ্য হইতে অধ্যাদেশে নির্ধারিত সংখ্যক ডেপুটি মেয়র নির্বাচনের জন্য বিভাগীয় কমিশনার কমিশনারগণের সভা আহ্বান করিবেন।

(২) সভার তারিখ, সময় ও স্থান নির্ধারণ করিয়া বিভাগীয় কমিশনার প্রত্যেক কমিশনারকে সভা অনুষ্ঠানের পূর্ণ তিন কর্ম দিবস পূর্বে লিখিত নোটিশ প্রদান করিবেন।

(৩) মোট কমিশনারের দুই-তৃতীয়াংশ কমিশনারের উপস্থিতি সভায় কোরাম হইবে।

(৪) কোরাম না হওয়ার কারণে সভা মুলতবী হইয়া গেলে, উক্ত সভার তারিখ হইতে পনের দিনের মধ্যে বিভাগীয় কমিশনার মুলতবী সভার তারিখ নির্ধারণ করিবেন এবং উক্ত মুলতবী সভায় উপস্থিত কমিশনারগণকে লইয়াই সভার কাজ সম্পাদিত হইবে।

(৫) এই বিধির অধীন অনুষ্ঠিত সভায় বিভাগীয় কমিশনার সভাপতিত্ব করিবেন।

(৪) কোরাম না হওয়ার কারণে সভা মুলতবী হইয়া গেলে, উক্ত সভার তারিখ হইতে একজন কমিশনারের নাম প্রার্থী হিসাবে প্রস্তাব করিতে পারেন এবং উক্ত প্রস্তাব অপর একজন কমিশনার কর্তৃক সমর্থিত হইলে এবং এইরূপ প্রস্তাবে উক্ত প্রার্থীর সমর্থন থাকিলে সভাপতি উহা লিপিবদ্ধ করিবেন।

৫। **বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচন।**—যে কয়জন ডেপুটি মেয়র নির্বাচিত হইবে প্রস্তাবিত ও সমর্থিত প্রার্থীর সংখ্যা যদি উহার সমান হয় তাহা হইলে প্রস্তাবিত ও সমর্থিত প্রার্থী বা ক্ষেত্রমত প্রার্থীগণকে সভাপতি বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন।

৬। **প্রতিদ্বন্দ্বিত নির্বাচন।**—(১) যে কয়জন ডেপুটি মেয়র নির্বাচিত হইবেন তাঁহাদের সংখ্যা প্রস্তাবিত ও সমর্থিত প্রার্থীর সংখ্যার অধিক হইলে, সভাপতি অত্র বিধিমালার সহিত সংযোজিত ফরম 'ক' অনুযায়ী যতজন কমিশনার সভায় উপস্থিত থাকেন ততটি ভোটপত্র প্রস্তুত করিবেন এবং প্রত্যেক কমিশনারকে একটি করিয়া ভোটপত্র সরবরাহ করিবেন।

(২) প্রত্যেক ভোটপত্রের অপর পৃষ্ঠায় সভাপতির সীল মোহরযুক্ত স্বাক্ষর থাকিবে।

(৩) ভোটপত্র প্রাপ্তির পর প্রত্যেক কমিশনার সভা কক্ষের এক প্রান্তে রক্ষিত টেবিলে ভোটপত্রের উপর তাহার পছন্দমত প্রার্থীর নামের বিপরীতে ক্রস 'X' চিহ্ন দিবেন।

(৪) যে কয়জন ডেপুটি মেয়র নির্বাচিত হইবে সেই সংখ্যা অপেক্ষা অধিক সংখ্যক প্রার্থীর নামের বিপরীতে কোন কমিশনার ক্রস 'X' চিহ্ন প্রদান করিলে তাঁহার ভোটপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

(৫) ভোটদানকারী প্রত্যেক কমিশনার ভোটপত্র ভাজ করিয়া সভাপতির সম্মুখের টেবিলের উপর রক্ষিত ভোট বাক্সের ভিতরে প্রবেশ করাইবেন।

(৬) টেবিলের উপর ভোট বাক্সটি রাখিবার পূর্বে উহা যে খালি আছে তাহা নিশ্চিত করিবার জন্য উপস্থিত কমিশনারগণকে ভোট বাক্সটি দেখাইতে হইবে এবং তৎপর উহা বন্ধ করিয়া উহার মুখে সীল মোহর দিতে হইবে।

৭। **ভোট গণনা এবং ফলাফল ঘোষণা।**—সভায় উপস্থিত সকল কমিশনার কর্তৃক ভোট প্রদান সমাপ্ত হওয়ার পর সভাপতি উপস্থিত সকল কমিশনারের সম্মুখে ভোট বাক্স হইতে ভোটপত্র বাহির করিয়া প্রত্যেক প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে প্রদত্ত বৈধ ভোটসমূহ গণনা করিবেন এবং সর্বাধিক প্রাপ্ত ভোট সংখ্যার ক্রমানুসারে প্রার্থীদেরকে ডেপুটি মেয়র পদে নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন।

৮। **সমান সংখ্যক ভোট।**—দুই বা ততোধিক প্রার্থীর অনুকূলে সমসংখ্যক ভোট প্রদত্ত হইয়া থাকিলে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের মধ্য হইতে কে বা কাহারা নির্বাচিত বলিয়া ঘোষিত হইবেন তাহা লটারীর মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া হইবে এবং লটারীর পদ্ধতি সভাপতি কর্তৃক স্থিরীকৃত হইবে।

৯। **নির্বাচনের ফলাফল প্রকাশ ও দলিলপত্র সংরক্ষণ।**—(১) বিধি ৭ ও ৮ মোতাবেক ভোট গণনা ও ফলাফল ঘোষণার পর, সভাপতি সভার কার্যবিবরণী এবং ক্ষেত্রমত, বৈধ ও অবৈধ ভোটপত্র পৃথক পৃথক খামে এবং অন্যান্য প্রয়োজনীয় দলিলাদি অপর একটি খামে, সীলমোহরযুক্ত করিয়া সরকারের নিকট প্রেরণ করিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত দলিলাদি প্রাপ্তির পর সরকার নির্বাচিত ডেপুটি মেয়রের নাম গেজেটে প্রকাশ করিবেন।

(৩) সভাপতির নিকট হইতে প্রাপ্ত ডেপুটি মেয়র নির্বাচনের দলিলাদি ছয় মাস সংরক্ষণ করিতে হইবে।

১০। **নির্বাচনী দরখাস্ত।**—(১) নির্বাচনের ফলাফল ঘোষণা করিয়া গেজেটে প্রজ্ঞাপন প্রকাশিত হওয়ার ৩০ দিনের মধ্যে যে কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী উক্ত ফলাফলের বৈধতা সম্পর্কে প্রশ্ন উত্থাপন করিয়া নির্বাচন কমিশনের নিকট দরখাস্ত পেশ করিতে পারেন।

(২) প্রতিটি নির্বাচনী দরখাস্তের সহিত ২৫০ টাকা মূল্যের কোর্ট ফি সংযোজিত থাকিতে হইবে।

(৩) নির্বাচন কমিশন আবেদনকারীকে শুনানীর সুযোগ দিবেন এবং প্রয়োজনীয় সাক্ষী সাবুদ গ্রহণ করিয়া যে সিদ্ধান্ত দিবেন উহা চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং উহার বিরুদ্ধে কোন আদালতে বা অন্য কোন কর্তৃপক্ষের নিকট কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

ফরম 'ক'

[বিধি ৬(১) দ্রষ্টব্য]

ডেপুটি মেয়র নির্বাচনের ভোটপত্র

| প্রার্থীর নাম | কমিশনার কর্তৃক ক্রস চিহ্ন X প্রদান করিবার স্থান। |
|---|---|
| ১। | |
| ২। | |
| ৩। | |
| ৪। | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

হোসাইন আহমদ
সচিব।

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১১ই মে ১৯৮৮/২৮শে বৈশাখ ১৩৯৫**

**নং এস, আর, ও, ১১৩-আইন/৮৮/শা-১১/১আর-৬/৮৮/১০৭।**—Chittagong Municipal Corporation Ordinance, 1982 (XXXV of 1982) এর section 155 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা।**—এই বিধিমালা চট্টগ্রাম মিউনিসিপ্যাল কর্পোরেশন ডেপুটি মেয়র (নির্বাচন) বিধিমালা, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অধ্যাদেশ" অর্থ the Chittagong Municipal Corporation Ordinance, 1982 (XXXV of 1982) ;

(খ) "কমিশনার" অর্থ অধ্যাদেশের অধীন নির্বাচিত কমিশনার;

(গ) "সভাপতি" অর্থ নির্বাচনী সভার সভাপতি ;

(ঘ) "নির্বাচন" অর্থ ডেপুটি মেয়র নির্বাচন।

৩। **নির্বাচনী সভা, ইত্যাদি।**—(১) কমিশনারগণের শপথ গ্রহণের তারিখ হইতে ৩০ দিনের মধ্যে কর্পোরেশনের কমিশনারগণের মধ্য হইতে অধ্যাদেশে নির্ধারিত সংখ্যক ডেপুটি মেয়র নির্বাচনের জন্য বিভাগীয় কমিশনার কমিশনারগণের সভা আহ্বান করিবেন।

(২) সভার তারিখ, সময় ও স্থান নির্ধারণ করিয়া বিভাগীয় কমিশনার প্রত্যেক কমিশনারকে সভা অনুষ্ঠানের পূর্ণ তিন কর্ম দিবস পূর্বে লিখিত নোটিশ প্রদান করিবেন।

(৩) মোট কমিশনারের দুই-তৃতীয়াংশ কমিশনারের উপস্থিতি সভায় কোরাম হইবে।

(৪) কোরাম না হওয়ার কারণে সভা মুলতবী হইয়া গেলে, উক্ত সভার তারিখ হইতে পনের দিনের মধ্যে বিভাগীয় কমিশনার মুলতবী সভার তারিখ নির্ধারণ করিবেন এবং উক্ত মুলতবী সভায় উপস্থিত কমিশনারগণকে লইয়াই সভার কাজ সম্পাদিত হইবে।

(৫) এই বিধির অধীন অনুষ্ঠিত সভায় বিভাগীয় কমিশনার সভাপতিত্ব করিবেন।

৪। **প্রার্থীর নাম প্রস্তাব।**—ডেপুটি মেয়র পদে নির্বাচনের জন্য কোন কমিশনার অপর একজন কমিশনারের নাম প্রার্থী হিসাবে প্রস্তাব করিতে পারেন এবং উক্ত প্রস্তাব অপর একজন কমিশনার কর্তৃক সমর্থিত হইলে এবং এইরূপ প্রস্তাবে উক্ত প্রার্থীর সমর্থন থাকিলে সভাপতি উহা লিপিবদ্ধ করিবেন।

৫। **বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচন।**—যে কয়জন ডেপুটি মেয়র নির্বাচিত হইবে প্রস্তাবিত ও সমর্থিত প্রার্থীর সংখ্যা যদি উহার সমান হয় তাহা হইলে প্রস্তাবিত ও সমর্থিত প্রার্থী বা ক্ষেত্রমত প্রার্থীগণকে সভাপতি বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন।

৬। **প্রতিদ্বন্দ্বিত নির্বাচন।**—(১) যে কয়জন ডেপুটি মেয়র নির্বাচিত হইবেন তাঁহাদের সংখ্যা প্রস্তাবিত ও সমর্থিত প্রার্থীর সংখ্যার অধিক হইলে, সভাপতি অত্র বিধিমালার সহিত সংযোজিত ফরম 'ক' অনুযায়ী যতজন কমিশনার সভায় উপস্থিত থাকেন ততটি ভোটপত্র প্রস্তুত করিবেন এবং প্রত্যেক কমিশনারকে একটি করিয়া ভোটপত্র সরবরাহ করিবেন।

(২) প্রত্যেক ভোটপত্রের অপর পৃষ্ঠায় সভাপতির সীল মোহরযুক্ত স্বাক্ষর থাকিবে।

(৩) ভোটপত্র প্রাপ্তির পর প্রত্যেক কমিশনার সভা কক্ষের এক প্রান্তে রক্ষিত টেবিলে ভোটপত্রের উপর তাহার পছন্দমত প্রার্থীর নামের বিপরীতে ক্রস 'X' চিহ্ন দিবেন।

(৪) যে কয়জন ডেপুটি মেয়র নির্বাচিত হইবে সেই সংখ্যা অপেক্ষা অধিক সংখ্যক প্রার্থীর নামের বিপরীতে কোন কমিশনার ক্রস 'X' চিহ্ন প্রদান করিলে তাঁহার ভোটপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

(৫) ভোটদানকারী প্রত্যেক কমিশনার ভোটপত্র ভাজ করিয়া সভাপতির সম্মুখের টেবিলের উপর রক্ষিত ভোট বাক্সের ভিতরে প্রবেশ করাইবেন।

(৬) টেবিলের উপর ভোট বাক্সটি রাখিবার পূর্বে উহা যে খালি আছে তাহা নিশ্চিত করিবার জন্য উপস্থিত কমিশনারগণকে ভোট বাক্সটি দেখাইতে হইবে এবং তৎপর উহা বন্ধ করিয়া উহার মুখে সীল মোহর দিতে হইবে।

৭। **ভোট গণনা এবং ফলাফল ঘোষণা।**—সভায় উপস্থিত সকল কমিশনার কর্তৃক ভোট প্রদান সমাপ্ত হওয়ার পর সভাপতি উপস্থিত সকল কমিশনারের সম্মুখে ভোট বাক্স হইতে ভোটপত্র বাহির করিয়া প্রত্যেক প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে প্রদত্ত বৈধ ভোটসমূহ গণনা করিবেন এবং সর্বাধিক প্রাপ্ত ভোট সংখ্যার ক্রমানুসারে প্রার্থীদেরকে ডেপুটি মেয়র পদে নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন।

৮। **সমান সংখ্যক ভোট।**—দুই বা ততোধিক প্রার্থীর অনুকূলে সমসংখ্যক ভোট প্রদত্ত হইয়া থাকিলে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের মধ্য হইতে কে বা কাহারা নির্বাচিত বলিয়া ঘোষিত হইবেন তাহা লটারীর মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া হইবে এবং লটারীর পদ্ধতি সভাপতি কর্তৃক স্থিরীকৃত হইবে।

৯। **নির্বাচনের ফলাফল প্রকাশ ও দলিলপত্র সংরক্ষণ।**—(১) বিধি ৭ ও ৮ মোতাবেক ভোট গণনা ও ফলাফল ঘোষণার পর, সভাপতি সভার কার্যবিবরণী এবং ক্ষেত্রমত, বৈধ ও অবৈধ ভোটপত্র পৃথক পৃথক খামে এবং অন্যান্য প্রয়োজনীয় দলিলাদি অপর একটি খামে, সীলমোহরযুক্ত করিয়া সরকারের নিকট প্রেরণ করিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত দলিলাদি প্রাপ্তির পর সরকার নির্বাচিত ডেপুটি মেয়রের নাম গেজেটে প্রকাশ করিবেন।

(৩) সভাপতির নিকট হইতে প্রাপ্ত ডেপুটি মেয়র নির্বাচনের দলিলাদি ছয় মাস সংরক্ষণ করিতে হইবে।

১০। **নির্বাচনী দরখাস্ত।**—(১) নির্বাচনের ফলাফল ঘোষণা করিয়া গেজেটে প্রজ্ঞাপন প্রকাশিত হওয়ার ৩০ দিনের মধ্যে যে কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী উক্ত ফলাফলের বৈধতা সম্পর্কে প্রশ্ন উত্থাপন করিয়া নির্বাচন কমিশনের নিকট দরখাস্ত পেশ করিতে পারেন।

(২) প্রতিটি নির্বাচনী দরখাস্তের সহিত ২৫০ টাকা মূল্যের কোর্ট ফি সংযোজিত থাকিতে হইবে।

(৩) নির্বাচন কমিশন আবেদনকারীকে শুনানীর সুযোগ দিবেন এবং প্রয়োজনীয় সাক্ষী সাবুদ গ্রহণ করিয়া যে সিদ্ধান্ত দিবেন উহা চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং উহার বিরুদ্ধে কোন আদালতে বা অন্য কোন কর্তৃপক্ষের নিকট কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

ফরম 'ক'

[বিধি ৬(১) দ্রষ্টব্য]

ডেপুটি মেয়র নির্বাচনের ভোটপত্র

| প্রার্থীর নাম | কমিশনার কর্তৃক ক্রস চিহ্ন × প্রদান করিবার স্থান। |
|---|---|
| ১। | |
| ২। | |
| ৩। | |
| ৪। | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

হোসাইন আহমদ

সচিব।

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ই মে ১৯৮৮/২৮শে বৈশাখ ১৩৯৫

নং এস, আর, ও, ১১৪-আইন/৮৮/শা-১১/১আর-৬/৮৮/১০৬।—Dhaka Municipal Corporation Ordinance, 1983 (XL of 1983) এর section 157 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ

১। **সংক্ষিপ্ত শিরনামা।**—এই বিধিমালা ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশন ডেপুটি মেয়র (নির্বাচন) বিধিমালা, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অধ্যাদেশ" অর্থ the Dhaka Municipal Corporation Ordinance, 1983 (XL of 1983) ;

(খ) "কমিশনার" অর্থ অধ্যাদেশের অধীন নির্বাচিত কমিশনার ;

(গ) "সভাপতি" অর্থ নির্বাচনী সভার সভাপতি ;

(ঘ) "নির্বাচন" অর্থ ডেপুটি মেয়র নির্বাচন।

৩। **নির্বাচনী সভা, ইত্যাদি।**—(১) কমিশনারগণের শপথ গ্রহণের তারিখ হইতে ৩০ দিনের মধ্যে কর্পোরেশনের কমিশনারগণের মধ্য হইতে অধ্যাদেশে নির্ধারিত সংখ্যক ডেপুটি মেয়র নির্বাচনের জন্য বিভাগীয় কমিশনার কমিশনারগণের সভা আহবান করিবেন।

(২) সভার তারিখ, সময় ও স্থান নির্ধারণ করিয়া বিভাগীয় কমিশনার প্রত্যেক কমিশনারকে সভা অনুষ্ঠানের পূর্ণ তিন কর্ম দিবস পূর্বে লিখিত নোটিশ প্রদান করিবেন।

(৩) মোট কমিশনারের দুই-তৃতীয়াংশ কমিশনারের উপস্থিতি সভায় কোরাম হইবে।

(৪) কোরাম না হওয়ার কারণে সভা মুলতবী হইয়া গেলে, উক্ত সভার তারিখ হইতে পনের দিনের মধ্যে বিভাগীয় কমিশনার মুলতবী সভার তারিখ নির্ধারণ করিবেন এবং উক্ত মুলতবী সভায় উপস্থিত কমিশনারগণকে লইয়াই সভার কাজ সম্পাদিত হইবে।

(৫) এই বিধির অধীন অনুষ্ঠিত সভায় বিভাগীয় কমিশনার সভাপতিত্ব করিবেন।

৪। **প্রার্থীর নাম প্রস্তাব।**—ডেপুটি মেয়র পদে নির্বাচনের জন্য কোন কমিশনার অপর একজন কমিশনারের নাম প্রার্থী হিসাবে প্রস্তাব করিতে পারেন এবং উক্ত প্রস্তাব অপর একজন কমিশনার কর্তৃক সমর্থিত হইলে এবং এইরূপে প্রস্তাবে উক্ত প্রার্থীর সমর্থন থাকিলে সভাপতি উহা লিপিবদ্ধ করিবেন।

৫। **বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচন।**—যে কয়জন ডেপুটি মেয়র নির্বাচিত হইবে প্রস্তাবিত ও সমর্থিত প্রার্থীর সংখ্যা যদি উহার সমান হয় তাহা হইলে প্রস্তাবিত ও সমর্থিত প্রার্থী বা ক্ষেত্রমত প্রার্থীগণকে সভাপতি বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন।

৫। **প্রতিদ্বন্দ্বিত নির্বাচন।**—(১) যে কয়জন ডেপুটি মেয়র নির্বাচিত হইবেন তাঁহাদের সংখ্যা প্রস্তাবিত ও সমর্থিত প্রার্থীর সংখ্যার অধিক হইলে, সভাপতি অত্র বিধিমালার সহিত সংযোজিত ফরম 'ক' অনুযায়ী যতজন কমিশনার সভায় উপস্থিত থাকেন ততটি ভোটপত্র প্রস্তুত করিবেন এবং প্রত্যেক কমিশনারকে একটি করিয়া ভোটপত্র সরবরাহ করিবেন।

(২) প্রত্যেক ভোটপত্রের অপর পৃষ্ঠায় সভাপতির সীল মোহরযুক্ত স্বাক্ষর থাকিবে।

(৩) ভোটপত্র প্রাপ্তির পর প্রত্যেক কমিশনার সভা কক্ষের এক প্রান্তে রক্ষিত টেবিলে ভোটপত্রের উপর তাহার পছন্দমত প্রার্থীর নামের বিপরীতে ক্রস 'X' চিহ্ন দিবেন।

(৪) যে কয়জন ডেপুটি মেয়র নির্বাচিত হইবে সেই সংখ্যা অপেক্ষা অধিক সংখ্যক প্রার্থীর নামের বিপরীতে কোন কমিশনার ক্রস 'X' চিহ্ন প্রদান করিলে তাঁহার ভোটপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

(৫) ভোটদানকারী প্রত্যেক কমিশনার ভোটপত্র ভাজ করিয়া সভাপতির সম্মুখের টেবিলের উপর রক্ষিত ভোট বাক্সের ভিতরে প্রবেশ করাইবেন।

(৬) টেবিলের উপর বাক্সটি রাখিবার পূর্বে উহা যে খালি আছে তাহা নিশ্চিত করিবার জন্য উপস্থিত কমিশনারগণকে ভোট বাক্সটি দেখাইতে হইবে এবং তৎপর উহা বন্ধ করিয়া উহার মুখে সীল মোহর দিতে হইবে।

৭। **ভোট গণনা এবং ফলাফল ঘোষণা।**—সভায় উপস্থিত সকল কমিশনার কর্তৃক ভোট প্রদান সমাপ্ত হওয়ার পর সভাপতি উপস্থিত সকল কমিশনারের সম্মুখে ভোট বাক্স হইতে ভোটপত্র বাহির করিয়া প্রত্যেক প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে প্রদত্ত বৈধ ভোটসমূহ গণনা করিবেন এবং সর্বাধিক প্রাপ্ত ভোট সংখ্যার ক্রমানুসারে প্রার্থীদেরকে ডেপুটি মেয়র পদে নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন।

৮। **সমান সংখ্যক ভোট।**—দুই বা ততোধিক প্রার্থীর অনুকূলে সমসংখ্যক ভোট প্রদত্ত হইয়া থাকিলে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের মধ্য হইতে কে বা কাহারা নির্বাচিত বলিয়া ঘোষিত হইবেন তাহা লটারীর মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া হইবে এবং লটারীর পদ্ধতি সভাপতি কর্তৃক স্থিরীকৃত হইবে।

৯। **নির্বাচনের ফলাফল প্রকাশ ও দলিলপত্র সংরক্ষণ।**—(১) বিধি ৭ ও ৮ মোতাবেক ভোট গণনা ও ফলাফল ঘোষণার পর, সভাপতি সভার কার্যবিবরণী এবং ক্ষেত্রমত, বৈধ ও অবৈধ ভোটপত্র পৃথক পৃথক খামে এবং অন্যান্য প্রয়োজনীয় দলিলাদি অপর একটি খামে, সীলমোহরযুক্ত করিয়া সরকারের নিকট প্রেরণ করিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত দলিলাদি প্রাপ্তির পর সরকার নির্বাচিত ডেপুটি মেয়রের নাম গেজেটে প্রকাশ করিবেন।

(৩) সভাপতির নিকট হইতে প্রাপ্ত ডেপুটি মেয়র নির্বাচনের দলিলাদি ছয় মাস সংরক্ষণ করিতে হইবে।

১০। **নির্বাচনী দরখাস্ত।**—(১) নির্বাচনের ফলাফল ঘোষণা করিয়া গেজেটে প্রজ্ঞাপন প্রকাশিত হওয়ার ৩০ দিনের মধ্যে যে কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী উক্ত ফলাফলের বৈধতা সম্পর্কে প্রশ্ন উত্থাপন করিয়া নির্বাচন কমিশনের নিকট দরখাস্ত পেশ করিতে পারেন।

(২) প্রতিটি নির্বাচনী দরখাস্তের সহিত ২৫০ টাকা মূল্যের কোর্ট ফি সংযোজিত থাকিতে হইবে।

(৩) নির্বাচন কমিশন আবেদনকারীকে শুনানীর সুযোগ দিবেন এবং প্রয়োজনীয় সাক্ষী সাবুদ গ্রহণ করিয়া যে সিদ্ধান্ত দিবেন উহা চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং উহার বিরুদ্ধে কোন আদালতে বা অন্য কোন কর্তৃপক্ষের নিকট কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

ফরম 'ক'

[বিধি ৬(১) দ্রষ্টব্য]

ডেপুটি মেয়র নির্বাচনের ভোটপত্র

| প্রার্থীর নাম | কমিশনার কর্তৃক ক্রস চিহ্ন X প্রদান করিবার স্থান। |
|---|---|
| ১। | |
| ২। | |
| ৩। | |
| ৪। | |

রাষ্ট্রপতির আদেশক্রমে
**হোসাইন আহমদ**
সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।